সংশোধিত শিক্ষার প্রভাব সংক্রান্ত বিবৃতি:
গ্রেড হ্রাস করে পিএস ১১৭ জে কেল্ড/ব্রায়ারউড স্কুল (২৮কিউ ১১৭)-কে ২০১২-২০১৩ সালে কে-৫ স্কুলে পরিণত করার প্রস্তাব

১. প্রস্তাবের সারসংক্ষেপ

পিএস ১১৭ জে কেল্ড/ব্রায়ারউড স্কুল (২৮কিউ১১৭, "পিএস ১১৭") কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্ট ২৮-এর 85-15 143rd Street Queens, NY 11435 ঠিকানায় কিউ ১১৭ ভবনে অবস্থিত একটি জোনভুক্ত প্রাথমিক। বর্তমানে এখানে কিন্ডারগার্টেন থেকে ষষ্ঠ গ্রেড পর্যন্ত শিক্ষার্থীদের অধ্যয়নের ব্যবস্থা রয়েছে এবং পূর্ণ দিবস প্রি-কিন্ডারগার্টেন কর্মসূচি রয়েছে। পিএস ১১৭ বর্তমানে কিউ১১৭-এ অবস্থিত একমাত্র স্কুল।

অক্টোবর ৩,২০১১ তারিখে নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন ("ডিওই") একটি "শিক্ষার প্রভাব সংক্রান্ত বিবৃতি" প্রকাশ করে ("ইআইএস")। এতে পিএস ১১৭-এ "গ্রেড কমানোর" একটি প্রস্তাব বর্ণনা করা হয়। এর অর্থ হল ২০১১-২০১২ সালের পর স্কুল আর ষষ্ঠ গ্রেডের কোন শিক্ষার্থী ভর্তি করবে না। এই সংশোধিত ইআইএস সমন্বিত সহ-শিক্ষকতা (আইসিটি) বা স্ব-নিয়ন্ত্রিত("এসসি") সেবা লাভকারী শিক্ষার্থীদের শতকরা হার সংশোধন করে। যদি এ প্রস্তাব অনুমোদন লাভ করে তাহলে পিএস ১১৭-এর পঞ্চম ও ষষ্ঠ গ্রেডের সকল শিক্ষার্থী, যারা ২০১১-২০১২ স্কুল বর্ষের সমাপ্তিতে উত্তীর্ণের প্রমিতমান পূরণ করেছে, তারা মিডল স্কুলে প্রবেশ করবে। ২০১১-২০১২ স্কুল বর্ষে পিএস ১১৭-এর পঞ্চম ও ষষ্ঠ গ্রেডের শিক্ষার্থীরা মিডল স্কুল বাছাই প্রক্রিয়ায় অংশগ্রহণ করবে। নিম্নে ৩য় সেকশনে তা বর্ণনা করা হয়েছে। ২০১২ সালের সেপ্টেম্বর মাসে পিএস ১১৭-এর পঞ্চম ও ষষ্ঠ গ্রেডের শিক্ষার্থী, যারা পিএস ১১৭-এ উত্তীর্ণ হয়েছে, মিডল স্কুলে যথাক্রমে ষষ্ঠ ও সপ্তম গ্রেডের শিক্ষার্থী হিসেবে প্রবেশ করবে। ২০১২ সালের সেপ্টেম্বর মাস থেকে পিএস ১১৭ কেবল কিন্ডারগার্টেন থেকে পঞ্চম গ্রেডের শিক্ষার্থীদের ভর্তি করবে এবং তাদের প্রি-কিন্ডারগার্টেন কর্মসূচি প্রদান অব্যাহত থাকবে (তহবিল ও চাহিদার ভিত্তিতে)।

২০১০ সালের জুন মাসের আগে থেকে ডিস্ট্রিক্ট ২৮-এর শিক্ষার্থীরা তাদের জোনভুক্ত মিডল স্কুলে ভর্তি হতে পারে বা সেইসব মিডল স্কুলে আবেদন করতে পারে যারা এক এক করে স্কুল ভিত্তিতে তাদের ভর্তি প্রক্রিয়া পরিচালনা করে। ২০১০ সালের জুনে ডিস্ট্রিক্ট ২৮ কম্যুনিটি এডুকেশন কাউন্সিল "মিডল স্কুল বাছাই," অনুমোদনের জন্য ভোট প্রদান করে, যা নিম্নে ৩য় সেকশনে আলোচনা করা হয়েছে। যে জোনে বসবাস করে শিক্ষার্থীদের সেই জোনের অন্তর্ভুক্ত স্কুলে ভর্তি হওয়ার ক্ষেত্রে তারপরও অগ্রাধিকার থাকবে। শিক্ষার্থীরা যে জোনে বসবাস করে সেই জোনের বাইরে অবস্থিত জোনভুক্ত স্কুলেও ভর্তি হতে পারবে, যদি স্কুলটি যে জোনে অবস্থিত সেই জোনের শিক্ষার্থীদেরকে ভর্তি করার পর তার কোন খালি আসন থাকে। শিক্ষার্থীরা যেসব স্কুল জোনভুক্ত নয় সেগুলোতেও ভর্তি হতে পারবে।

মিডল স্কুলের ক্ষেত্রে পিএস ১১৭-এর অনেক শিক্ষার্থীই জেএইচএস ২১৭ রবার্ট এ ভেন ওয়াইক(২৮কিউ২১৭,"জিএইচএস২১৭") জোনের অন্তর্ভুক্ত। বর্তমানে পঞ্চম ও ষষ্ঠ গ্রেডের যেসব শিক্ষার্থী পিএস ১১৭-এ অধ্যয়ন করেছে এবং জেএইচএস ২১৭-এর জোনভুক্ত তাদেরকে জেএইচএস ২১৭-এ অগ্রাধিকার দেয়া হচ্ছে। একইভাবে পিএস ১১৭-এর যেসব শিক্ষার্থী ডিস্ট্রিক্ট ২৮-এর অন্যান্য মিডল স্কুল জোনের অন্তর্ভুক্ত তাদেরকে তাদের নিজ নিজ জোনভুক্ত মিডল স্কুলে অগ্রাধিকার দেয়া হচ্ছে। যদি এ প্রস্তাব অনুমোদিত হয় তাহলে এটি অব্যাহত থাকবে। পিএস ১১৭-এর শিক্ষার্থীরা মিডল স্কুল বাছাই প্রক্রিয়ার মাধ্যমে ডিস্ট্রিক্ট ২৮-এর অন্যান্য মিডল স্কুলেও ভর্তির আবেদন করতে পারবে, অথবা বাছাই প্রক্রিয়ায় ডিস্ট্রিক্ট ২৮-এর শিক্ষার্থীদের জন্য যেসব বরো-ভিত্তিক বা সিটি ভিত্তিক স্কুল বাছাইয়ের বিকল্প রয়েছে সেসব স্কুলেও তারা ভর্তির আবেদন করতে পারবে।

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন (ডিওই) নিউ ইয়র্ক সিটির সব শিক্ষার্থীরা যাতে তাদের শিক্ষার প্রতিটি পর্যায়ে উচ্চ-মানসম্পন্ন স্কুলে প্রবেশের সুযোগ পায় তা নিশ্চিত করতে সর্বোচ্চ চেষ্টা করে। প্রস্তাবিত গ্রেড হ্রাসের প্রস্তাব পিএস ১১৭-এ বর্তমানে অধ্যয়নরত পঞ্চম গ্রেডের শিক্ষার্থীদের জন্য বিশেষ সুফল বয়ে আনবে।

মিডল স্কুলগুলো সাধারণত ষষ্ঠ গ্রেড থেকে শিক্ষার্থী ভর্তি করে থাকে এবং পিএস ১১৭-এর শিক্ষার্থীদের ইতিমধ্যেই পঞ্চম গ্রেডের শিক্ষার্থী হিসেবে মিডল স্কুলে আবেদন করার সুযোগ রয়েছে। তবে, ৩য় সেকশনে যেমনটি বলা হয়েছে পিএস ১১৭-এর যেসব শিক্ষার্থী মিডল স্কুলে আবেদন করার জন্য ষষ্ঠ গ্রেড পর্যন্ত অপেক্ষা করবে তারা কেবল সেইসব স্কুলে আবেদন করতে পারবে যাদের সপ্তম গ্রেডের আসন তখনও খালি রয়েছে। বিশেষত ডিস্ট্রিক্ট ২৮[1]-এর বেশ কিছু জোনভুক্ত নয় এমন চয়েস মিডল স্কুল রয়েছে যেসব স্কুলে খুব কম সময়ই সপ্তম গ্রেডের আসন খালি থাকে, কেননা ষষ্ঠ গ্রেডের শিক্ষার্থীরা স্কুল ত্যাগ করলেই কেবল আসন খালি হয়। ফলে যেসব শিক্ষার্থী ষষ্ঠ গ্রেড পর্যন্ত পিএস ১১৭-তে থেকে যায় এবং তারপর চয়েস মিডল স্কুলে ভর্তি হতে চায় তাদের সামনে তাদের যেসব সহপাঠী একবছর আগে মিডল

[1] "চয়েস স্কুল" হল সেই স্কুল যে স্কুল তার প্রকৃতির ওপর নির্ভর করে ডিস্ট্রিক্ট, বরো বা সিটির ভিত্তিতে নির্ধারিত কোন ক্যাচমেন্ট এরিয়ার শিক্ষার্থীদেরকে ভর্তি করে।

স্কুল শুরু করেছে তাদের তুলনায় খুব কম বিকল্পই খোলা থাকে।

নিম্নে ৩য় সেকশনে যেমনটি বলা হয়েছে, এই প্রস্তাবিত গ্রেড হ্রাস পিএস ১১৭-এর শিক্ষার্থীদের ডিস্ট্রিক্ট ২৮ জুড়ে তাদের সহপাঠীরা যে ধরনের মিডল স্কুল বাছাইয়ের সুযোগ পাবে তাদের জন্যও একই ধরনের সুযোগ প্রদান করবে। অধিকন্তু শিক্ষার্থীরা ভিন্ন ভিন্ন গ্রেডে (ষষ্ঠ ও সপ্তম)প্রবেশের মাধ্যমে মিডল স্কুল শুরু করলে মিডল স্কুল শিক্ষার্থী ও পুরো মিডল স্কুল ব্যবস্থায় যে সমস্যা দেখা দেয় এখানে সে সমস্যারও সমাধান দেয়া হয়েছে।

অধিকন্তু,নিম্নে ৩য় সেকশনে যেমনটি বলা হয়েছে, শিক্ষার্থীরা ষষ্ঠ গ্রেডে মিডল স্কুলে প্রবেশের সুযোগ ব্যবহার করে চলে যাবার কারণে ষষ্ঠ গ্রেডের ক্লাসের আয়তন হ্রাস পাওয়ায় পিএস ১১৭-এর যেসব শিক্ষার্থী ষষ্ঠ গ্রেডে রয়ে যায় তারা যেসব অসুবিধার সম্মুখীন হতে পারে তাও এ প্রস্তাবে আলোচনা করা হয়েছে। মিডল স্কুলে সপ্তম গ্রেডে প্রবেশ না করে ষষ্ঠ গ্রেডে প্রবেশ করলে পিএস ১১৭-এর শিক্ষার্থীরা মিডল স্কুলে প্রদত্ত সমৃদ্ধ হাই স্কুল প্রস্তুতির অভিজ্ঞতা লাভের আরো ভালো সুযোগ পাবে।

সর্বশেষে, ২য় সেকশনে যেমনটি আলোচনা করা হয়েছে, পিএস ১১৭-এর গ্রেড আয়তন কে-৬ থেকে কে-৫-এ হ্রাস করার ফলে স্কুলে প্রায় ১৬২জন শিক্ষার্থী কম ভর্তি হবে, এর ফলে জায়গা খালি হবে যা নিচের গ্রেডের শিক্ষার্থীদের বসার জন্য বা তাদের অন্যান্য চাহিদা পূরণের জন্য (যেমন: আর্ট রুম, রিসোর্স সেন্টার ইত্যাদি)[2] ব্যবহার করা যাবে। পিএস ১১৭-এ শিক্ষার্থীর চাপ বেশি। পিএস ১১৭-এর ষষ্ঠ গ্রেড ছেটে ফেলার ফলে ভবনের ব্যবহারের পরিমাণ হ্রাস পাবে এবং ভর্তির চাপ দূর হবে।

২. ভবনের প্রস্তাবিত বা সম্ভাব্য ব্যবহার

কিউ ১১৭ নামক যে ভবনে পিএস ১১৭ অবস্থিত তার ৯৬৫[3] জন শিক্ষার্থীকে ধারণ করার ক্ষমতা রয়েছে। ২০১০-২০১১ সালে ভবনটি কিন্ডারগার্টেন থেকে ষষ্ঠ গ্রেড পর্যন্ত ১২২৩[4] জন শিক্ষার্থীকে এবং প্রি-কিন্ডারগার্টেনের ৩৬ জন শিক্ষার্থীকে সেবা প্রদান করেছে। এর ফলে ভবনের মোট ব্যবহারের পরিমাণ দাঁড়ায় ১৩০ শতাংশ।[5] ২০১১-২০১২ সালে, বর্তমান স্কুল বর্ষে, পিএস ১১৭ মোট ১২৬৫ জন শিক্ষার্থীকে সেবা প্রদানের কথা রয়েছে। যার ফলে ভবন ব্যবহারের পরিমাণ দাঁড়াবে ১৩১%। যদি এই প্রস্তাব অনুমোদিত হয় এবং পিএস ১১৭-এ আর ষষ্ঠ গ্রেডের শিক্ষার্থী না থাকে তাহলে ২০১২-২০১৩ সালে পিএস ১১৭-এ প্রি-কিন্ডারগার্টেনসহ কে-৫ পর্যন্ত প্রায় ১০৯৮-১১৭৩ জন শিক্ষার্থী থাকবে, যার ফলে ভবন ব্যবহারের হার হবে ১১৪-১২২।[6] (নিম্নে "ব্যবহারের হার" সম্পর্কিত ধারণা আলোচনা করা হয়েছে)। পিএস ১১৭-এর গ্রেড আয়তন কে-৬ থেকে কে-৫-এ হ্রাস করার ফলে স্কুলে প্রায় ১৬২জন শিক্ষার্থী কম ভর্তি হবে, এর ফলে জায়গা খালি হবে যা নিচের গ্রেডের শিক্ষার্থীদের বসার জন্য বা তাদের অন্যান্য চাহিদা পূরণের জন্য (যেমন: আর্ট রুম, রিসোর্স সেন্টার ইত্যাদি)।[7] পিএস ১১৭-এ শিক্ষার্থীর চাপ বেশি। পিএস ১১৭-এর ষষ্ঠ গ্রেড ছেটে ফেলার ফলে ভবনের ব্যবহারের পরিমাণ হ্রাস পাবে এবং ভর্তির চাপ দূর হবে।

---

[2] পিএস ১১৭-এর গ্রেড হ্রাসের ফলে ষষ্ঠ গ্রেডের যে আসনগুলো নির্মুল করা হয়েছে ২০১১-২০১২ বাজেট রেজিস্টার প্রজেকশনের ভিত্তিতে করা হয়েছে।

[3] ২০১১-২০১২ স্কুল বর্ষ ও তার পরবর্তী সময়ের প্রাতিষ্ঠানিক উদ্দিষ্ট ধারনক্ষমতা ও ব্যবহার হার এখনো পাওয়া যায়নি। এ লেখায় ব্যবহৃত ভবন ব্যবহার হার সংক্রান্ত সকল তথ্য ২০১০-২০১১ ভর্তি সক্ষমতা ব্যবহার প্রতিবেদনের (এনরোলমেন্ট ক্যাপাসিটি ইউটিলাইজেশন রিপোর্ট (দি ব্লু বুক)) উদ্দিষ্ট ধারনক্ষমতা বিষয়ক উপাত্তের ওপর ভিত্তি করে প্রদান করা হয়েছে। নিম্নে যেমনটি আলোচনা করা হয়েছে, এখানে উল্লেখিত ব্যবহার হারের মধ্যে কেবল যেসব শিক্ষার্থী প্রকৃত অর্থে স্কুলে অধ্যয়ন করতে পারে তার প্রাক্কলিত সংখ্যা অন্তর্ভুক্ত করা হয়েছে এবং এতে দীর্ঘমেয়াদী অনুপস্থিতি অন্তর্ভুক্ত করা হয়নি ("এলটিএ")।

[4] ২০১১-২০১২ বাজেট রেজিস্টার প্রোজেকশনের ওপর ভিত্তি করে প্রদান করা হয়েছে।

[5] এখানে যে ব্যবহার হারের কথা বলা হয়েছে তা ২০১০-২০১১ ব্লু বুকে প্রকাশিত হারের চেয়ে ভিন্ন হতে পারে। কেননা ব্লুবুকের ভর্তির মধ্যে দীর্ঘমেয়াদে অনুপস্থিত শিক্ষার্থীরা (এলটিএ) রয়েছে যারা অক্টোবর ৩১, ২০১০ সাল পর্যন্ত ৩০ দিন বা তার বেশি সময় একাধারে অনুপস্থিত ছিল। এখানে ভবনের ধারণক্ষমতার যে সংখ্যা দেয়া হয়েছে তা ব্লুবুকের সাথে সামঞ্জস্যপূর্ণ। তবে এই ইআইএস-এ ভবনে ভর্তির যে তথ্য প্রদান করা হয়েছে এবং যেগুলো ভবনের ব্যবহার হার হিসেব করার জন্য ব্যবহৃত হয়েছে তাতে ২০১১-২০১২ সালে যেসব শিক্ষার্থী প্রকৃতঅর্থে স্কুলে যাবে তাদের প্রাক্কলিত সংখ্যা অন্তর্ভুক্ত করা হয়েছে কিন্তু এতে দীর্ঘমেয়াদে অনুপস্থিত শিক্ষার্থীদেরকে অন্তর্ভুক্ত করা হয়নি। সব স্কুলের জন্য স্থান ও তহবিল বরাদ্দ করার জন্য ডিওই যে পদ্ধতিতে পরিকল্পনা ও হিসাব করে এই পদ্ধতি তার সাথে সামঞ্জস্যপূর্ণ।

[6] ২০১১-২০১২ বাজেট রেজিস্টার প্রোজেকশনের ওপর ভিত্তি করে প্রদান করা হয়েছে।

[7] পিএস ১১৭-এর গ্রেড হ্রাসের ফলে ষষ্ঠ গ্রেডের যে আসনগুলো নির্মুল করা হয়েছে ২০১১-২০১২ বাজেট রেজিস্টার প্রজেকশনের ভিত্তিতে করা হয়েছে।

উদ্দিষ্ট ধারণক্ষমতা ও পরিকল্পিত ব্যবহার	
মোট উদ্দিষ্ট ধারণক্ষমতা (২০১০-১১) [8]	**৯৬৫**
মেইন বিল্ডিং	**৯৬৫**
পরিকল্পিত ভর্তি (২০১১-১২)	**১২৬৪**
পরিকল্পিত ব্যবহার% [9]	**১৩১%**

ভবনটিতে স্কুলের সব প্রতিষ্ঠানে ভর্তি হওয়া মোট জনসংখ্যাকে সেই প্রতিষ্ঠানগুলোর "উদ্দিষ্ট ধারণক্ষমতা" দিয়ে ভাগ করে ভবনের উদ্দিষ্ট ব্যবহারের হার বের করা হয়। হার ভর্তি, ধারণক্ষমতা, ব্যবহারের প্রতিবেদনে এ বিষয়ে আরো বিস্তারিতভাবে বর্ণনা করা হয়েছে। অনলাইনে http://www.nycsca.org/Community/CapitalPlanManagementReportsData/Enrollment/2010-2011-BlueBook.pdf থেকে এটি পাওয়া যাবে। প্রতিটি স্কুল প্রতিষ্ঠানের "উদ্দিষ্ট ধারণক্ষমতা" বার্ষিক সুযোগ-সুবিধা জরিপ চলাকালে প্রিন্সিপ্যালরা যেমনটি বলেন সে অনুসারে প্রতিটি কক্ষের নির্ধারিত ব্যবহার, শ্রেণিকক্ষের সর্বোচ্চ ধারণক্ষমতার বিষয়ে ডিওই-এর প্রমিতমান (যা ইউএফটি চুক্তিবদ্ধ ক্লাসের আয়তনের চেয়ে কম এবং গ্রেড পর্যায়ের ওপর ভিত্তি করে ভিন্ন ভিন্ন হয়ে থাকে) এবং যেরূপ দক্ষতার সাথে ক্লাসরুমগুলোর ব্যবস্থাপণা করা হয় (যেমন কোন নির্দিষ্ট ক্লাসরুমে কতবার ক্লাস হয়) তার ওপর নির্ভর করে হিসাব করা। সর্বসম্প্রতি যে বছরের জন্য ভবনের উদ্দিষ্ট ধারণক্ষমতা হিসাব করা হয়েছে সেটি হল ২০১০-২০১১। শিক্ষার প্রভাব সংক্রান্ত বিবৃতিতে যেমনটি বর্ণনা করা হয়েছে ("ইআইএস"), ২০১১-২০১২ ও এর পরবর্তী স্কুল বর্ষগুলোর জন্য ডিওই-এর পরিকল্পিত ব্যবহার হার ২০১০-২০১১'র উদ্দিষ্ট ধারণক্ষমতার ওপর থিত্তি করে হিসেব করা হয়। এতে ধরে নেয়া হয় যে যেসব উপাদানের ওপর ভিত্তি করে উদ্দিষ্ট ধারণক্ষতা (ক্লাসরুমগুলোর নির্ধারিত ব্যবহার, ক্রুঅসরুমের সর্বোচ্চ ধারণক্ষমতা ইত্যাদি) নির্ধারণ করা হয়েছে সেগুলো স্থির থাকবে। সুতরাং ২০১১-২০১২ ও পরবর্তী স্কুলবর্ষগুলোর জন্য পরিকল্পিত ব্যবহার হার ভবনের ব্যবহারের কেবল প্রায় সঠিক একটি পরিমাণকে নির্দেশ করে। কেননা উদ্দিষ্ট ধারণক্ষমতা যেসব উপাদানের ভিত্তিতে নির্ধারিত হয়েছে তার প্রত্যেকটি প্রিন্সিপ্যাল কর্তৃক বছর বছর শিক্ষার্থীদের চাহিদার সাথে খাপখাওয়ানোর জন্য পরিবর্তন করা হতে পারে। যেমন, কক্ষের ব্যবহার পরিবর্তন করে হাই স্কুল পর্যায়ে প্রশাসনিক কাজে ব্যবহৃত কোন কক্ষকে হোমরুম করা হলে ভবনের উদ্দিষ্ট সামগ্রিক ধারণক্ষমতা বৃদ্ধি পাবে, কেননা হাইস্কুল পর্যায়ে প্রশাসনিক কক্ষগুলোর জন্য কোন ধারণক্ষমতা নির্ধারণ করা নেই। ভর্তি স্থায়ীভাবে বন্ধ করা হলে ভবনের ব্যবহার হার হ্রাস পাবে। একইভাবে, যদি পূর্বে কিন্ডারগার্টেনের ক্লাসরুম হিসেবে ব্যবহৃত কোন শ্রেণিকক্ষ পরবর্তীতে পঞ্চম গ্রেডের ক্লাসরুম হিসেবে ব্যবহার করা হয় তাহলে ভবনের উদ্দিষ্ট ধারণক্ষমতা বৃদ্ধি পাবে। কেননা পঞ্চম গ্রেডের শিক্ষার্থীর সংখ্যার তুলনায় কিন্ডারগার্টেনের শিক্ষার্থীর সংখ্যা বেশি হবে বলেই ধরা হয়। যেমন, কিন্ডারগার্টেনের ক্লাসরুমের তুলনায় ডিওই-এর শ্রেণিকক্ষের সর্বোচ্চ ধারণক্ষমতার প্রমিতমান পঞ্চম গ্রেডের ক্লাসের জন্য বেশি। এই উদাহরণেও ধরে নেয়া হয় ভর্তি স্থির থাকবে এবং ব্যবহারের হার হ্রাস পাবে।

বর্তমানে গ্রেড হ্রাস করার পর ডিওই-এর ভবনের বাড়তি ব্যবহারের বিষয়ে কোন প্রস্তাব নেই। যদি এই প্রস্তাব অনুমোদন লাভ করে তাহলে ষষ্ঠ গ্রেড ছেটে ফেলার ফলে সৃষ্ট বাড়তি স্থান কিন্ডারগার্টেন থেকে ষষ্ঠ গ্রেডের শিক্ষার্থীদের শ্রেণিকক্ষে অতিরিক্ত আসন প্রদানের জন্য বা তাদের অন্যান্য চাহিদা পূরণের জন্য ব্যবহার করা হবে (যেমন: আর্ট রুম, রিসোর্স সেন্টার, পিএস ১১৭ শিক্ষার্থীদের জন্য নতুন বা সম্প্রসারিত কর্মসূচি।[10] স্কুলের ব্যবহারে গুরুত্বপূর্ণ পরিবর্তন আনতে পারে স্থান ব্যবহারের এমন যেকোন ভবিষ্যত প্রস্তাব কম্যুনিটিকে সম্পৃক্ত করে কম্যুনিটির চাহিদা নিয়ে আলোচনা করার মাধ্যমে পৃথক কোন প্রস্তাব ও শিক্ষার প্রভাব সংক্রান্ত বিবৃতিতে আলোচনা করা।

[8] ধারণক্ষমতা ২০১০-২০১১ ব্লুবুকের ভিত্তিতে প্রদান করা হয়েছে।

[9] এখানে যে ব্যবহার হারের কথা বলা হয়েছে তা ২০১০-২০১১ ব্লু বুকে প্রকাশিত হারের চেয়ে ভিন্ন হতে পারে। কেননা ব্লুবুকের ভর্তির মধ্যে দীর্ঘমেয়াদে অনুপস্থিত শিক্ষার্থীরা (এলটিএ) অন্তভুর্ক্ত রয়েছে যারা অক্টোবর ৩১, ২০১০ সাল পর্যন্ত ৩০ দিন বা তার বেশি সময় একাধারে অনুপস্থিত ছিল। এখানে ভবনের ধারণক্ষমতার যে সংখ্যা দেয়া হয়েছে তা ব্লুবুকের সাথে সামঞ্জস্যপূর্ণ। তবে এই ইআইএস-এ ভবনে ভর্তির যে তথ্য প্রদান করা হয়েছে এবং যেগুলো ভবনের ব্যবহার হার হিসেব করার জন্য ব্যবহৃত হয়েছে তাতে ২০১১-২০১২ সালে যেসব শিক্ষার্থী প্রকৃতঅর্থে স্কুলে যেতে পারে তাদের প্রাক্কলিত সংখ্যা অন্তর্ভুক্ত করা হয়েছে কিন্তু এতে দীর্ঘমেয়াদে অনুপস্থিত শিক্ষার্থীদেরকে অন্তর্ভুক্ত করা হয়নি। সব স্কুলের জন্য স্থান ও তহবিল বরাদ্দ করার জন্য ডিওই যে পদ্ধতিতে পরিকল্পনা ও হিসাব করে এই পদ্ধতি তার সাথে সামঞ্জস্যপূর্ণ।

[10] পিএস ১১৭-এর গ্রেড হ্রাসের ফলে ষষ্ঠ গ্রেডের যে আসনগুলো নির্মুল করা হয়েছে ২০১১-২০১২ বাজেট রেজিস্টার প্রজেকশনের ভিত্তিতে করা হয়েছে।

৩. শিক্ষার্থী, স্কুল ও কম্যুনিটির ওপর প্রস্তাবের প্রভাব

ক. শিক্ষার্থী

২০১০-২০১১ স্কুল বর্ষে পিএস ১১৭-এর কিছু শিক্ষার্থী ষষ্ঠ গ্রেড পর্যন্ত এই স্কুলে থেকে যাবার সিদ্ধান্ত নেয়। অন্যদিকে অন্যরা ডিস্ট্রিক্ট ২৮-এর এক মিডল স্কুলে ষষ্ঠ গ্রেড থেকে অধ্যয়নের সিদ্ধান্ত নেয়। এর ফলে একটি পূর্ণ আয়তনের মিডল স্কুলে ষষ্ঠ গ্রেডের শিক্ষার্থীদের (এবং অন্যান্য শিক্ষার্থী) জন্য যেসব পাঠক্রম বর্হিভূত কার্যক্রম ও সমৃদ্ধকরণের সুযোগ-সুবিধা রয়েছে পিএস ১১৭-এ শিক্ষার্থীদের সংখ্যা কমে যাবার কারণে সীমিত সম্পদ দিয়ে তা প্রদান করা সম্ভব হয় না।

ওপরে যেমনটি উল্লেখ করা হয়েছে, ২০১০ সালের জুন মাসে, ডিস্ট্রিক্ট ২৮-এর কম্যুনিটি এডুকেশন কাউন্সিল ("সিইসি ২৮") পুরো ডিস্ট্রিক্টের জন্য একটি "মিডল স্কুল বাছাই" ভর্তি প্রক্রিয়া অনুমোদনের জন্য ভোট প্রদান করে। মিডল স্কুল বাছাইয়ের আওতায় শিক্ষার্থীরা তারা যে ডিস্ট্রিক্টে বসবাস করে বা যে ডিস্ট্রিক্টের সরকারি প্রাথমিক স্কুলে অধ্যয়ন করে তার ভিত্তিতে যেসব মিডল স্কুলে তারা অধ্যয়নের যোগ্য যেসব স্কুলে একটি আবেদনপত্রের মাধ্যমেই স্কুলগুলো পছন্দক্রমানুসারে সাজিয়ে আবেদন করতে। শিক্ষার্থীরা তাদের আবেদনপত্রে ডিস্ট্রিক্ট ২৮-এর মিডল স্কুল এবং সিটির অন্যান্য স্কুলগুলোর মধ্য থেকে তাদের পছন্দীয় স্কুলগুলোর কথা উল্লেখ করে। মিডল স্কুল বাছাই আবেদনপত্র ব্যবহার করে শিক্ষার্থীরা নিম্নলিখিত ধরনের মিডল স্কুলে আবেদন করতে পারে:

- শিক্ষার্থী যে জোনে বসবাস করে সেখানকার জোনভুক্ত কোন মিডল স্কুলে;
- শিক্ষার্থী যে জোনে বসবাস করে তার বাইরের ডিস্ট্রিক্ট ২৮-এর জোনভুক্ত মিডল স্কুলগুলোতে;
- জোনভুক্ত নয় এবং অবাছাই[11] বা সীমিত-বাছাই[12] আবেদন প্রক্রিয়া রয়েছে এমন মিডল স্কুলগুলোতে; এবং
- বাছাইকৃত আবেদন প্রক্রিয়া রয়েছে জোনভুক্ত নয় এমন মিডল স্কুলে।[13]

২০১১-২০১২ স্কুলবর্ষে ও তারপরে ডিস্ট্রিক্ট ২৮-এর যেসব শিক্ষার্থী মিডল স্কুলে প্রবেশ করছে তারা সবাই মিডল স্কুল বাছাই প্রক্রিয়ার মাধ্যমে তা করে। ২০১০ সালের হেমন্তের শুরুতে পঞ্চম গ্রেডের প্রত্যেকটি শিক্ষার্থীর জন্য একটি ব্যক্তিস্বাতন্ত্রমণ্ডিত মিডল স্কুল আবেদনপত্র প্রদান করা হয়েছে। শিক্ষার্থীদের উচিত তারা যে মিডল স্কুলগুলোতে পড়তে সবচেয়ে বেশি আগ্রহী সেগুলোতে আবেদন। ২০১০ সালের হেমন্তে ষষ্ঠ গ্রেডের শিক্ষার্থীদেরকেও একটি ব্যক্তিস্বাতন্ত্রমণ্ডিত মিডল স্কুল আবেদনপত্র প্রদান করা হয়েছে এবং তাদেরও উচিত এই আবেদনপত্র ব্যবহার করে মিডল স্কুলে আবেদন করা। ২০১১ সালের হেমন্তের শুরুতে মিডল স্কুলে আবেদন করার জন্য কেবল ডিস্ট্রিক্ট ২৮-এর পঞ্চম গ্রেডের শিক্ষার্থীরা মিডল স্কুল বাছাই আবেদন ব্যবহার করে।

শিক্ষার্থীরা যখন তাদের জোনভুক্ত মিডল স্কুলকে তাদের ডিস্ট্রিক্ট ২৮ মিডল স্কুল আবেদনে পছন্দক্রম অনুসারে উল্লেখ করে তখন মিডল স্কুল বাছাই প্রক্রিয়ার মাধ্যমে তারা সেখানে ভর্তির ক্ষেত্রে অগ্রাধিকার পায়। যদি শিক্ষার্থীরা তাদের জোনভুক্ত স্কুলের কথা আবেদনে উল্লেখই না করে তাহলে জোনভুক্ত শিক্ষার্থী হিসেবে তারা তাদের অগ্রাধিকারপ্রাপ্ত অবস্থান হারাবে। যেকোন জোনভুক্ত স্কুল মিডল স্কুল বাছাই প্রক্রিয়া চলাকালে জোনভুক্ত সকল শিক্ষার্থীকে ভর্তি করার পর তাদের অবশিষ্ট খালি আসনগুলো জোনের বাইরে ডিস্ট্রিক্ট ২৮-এর যেসব শিক্ষার্থী তাদের স্কুলকে পছন্দ করেছে তাদের জন্য উন্মুক্ত রাখবে। শিক্ষার্থীরা যে জোনে বসবাস করে সেই জোনের বাইরের জোনভুক্ত স্কুলে ভর্তি হতে পারবে যদি স্কুলটি যে জোনে অবস্থিত সেই জোনের শিক্ষার্থীরা ভর্তি হবার পর সেখানে খালি আসন থাকে।

মিডল স্কুলের ক্ষেত্রে পিএস ১১৭-এর অনেক শিক্ষার্থীই জেএইচএস ২১৭ রবার্ট এ ভেন ওয়াইক(২৮কিউ২১৭,"জিএইচএস২১৭") জোনের অন্তর্ভুক্ত। বর্তমানে পঞ্চম ও ষষ্ঠ গ্রেডের যেসব শিক্ষার্থী পিএস ১১৭-এ অধ্যয়ন করেছে এবং জেএইচএস ২১৭-এর জোনভুক্ত তাদেরকে জেএইচএস ২১৭-এ অগ্রাধিকার দেয়া হচ্ছে। একইভাবে পিএস ১১৭-এর যেসব শিক্ষার্থী ডিস্ট্রিক্ট ২৮-এর অন্যান্য মিডল স্কুল জোনের অন্তর্ভুক্ত তাদেরকে তাদের নিজ নিজ জোনভুক্ত মিডল স্কুলে অগ্রাধিকার দেয়া হচ্ছে। যদি এ প্রস্তাব অনুমোদিত হয় তাহলে এটি অব্যাহত থাকবে। পিএস ১১৭-এর শিক্ষার্থীদের জন্য ডিস্ট্রিক্ট ২৮-এ যেসব অতিরিক্ত মিডল স্কুল বিকল্প রয়েছে নিম্নের একটি সারণিতে তা দেখানো হল। পিএস ১১৭-এর শিক্ষার্থীরা মিডল স্কুল বাছাই প্রক্রিয়ার মাধ্যমে ডিস্ট্রিক্ট ২৮-এর অন্যান্য এসব মিডল স্কুলেও ভর্তির জন্য আবেদন করতে পারে। তারা ডিস্ট্রিক্ট-ভিত্তিক, বরো-ভিত্তিক এবং শহর ভিত্তিক স্কুলেও ভর্তির জন্য আবেদন করতে পারে। অনলাইনে অথবা স্কুলগুলোতে যেসব মিডল স্কুল নির্দেশিকা বিতরণ করা হয়েছে সেখানে এইসব স্কুলগুলোর তালিকা পাওয়া যাবে: http://schools.nyc.gov/ChoicesEnrollment/Middle/Publications/Queens/default.

[11] অবাছাইকৃত স্কুলগুলো স্কুলে আবেদনের যোগ্য সকল শিক্ষার্থীকে ভর্তি করে।

[12] সীমিত অবাছাইকৃত স্কুলগুলো অবাছাইকৃত স্কুলগুলোর মতই স্কুলে আবেদনের যোগ্য সকল শিক্ষার্থীকে ভর্তি করে, তবে ব্যতিক্রম হলো তারা সেসব শিক্ষার্থীদের প্রাধান্য দেয় যারা স্কুল তথ্য সেশনে উপস্থিত হয়েছে।

[13] বাছাইকৃত স্কুলগুলো ভর্তির জন্য নির্ধারিত সুনির্দিষ্ট মাপকাঠির ওপর ভিত্তি করে শিক্ষার্থী ভর্তি করে।

মিডল স্কুলগুলো সাধারণত ষষ্ঠ গ্রেড থেকে শিক্ষার্থী ভর্তি করে থাকে এবং পিএস ১১৭-এর শিক্ষার্থীদের ইতিমধ্যেই পঞ্চম গ্রেডের শিক্ষার্থী হিসেবে মিডল স্কুলে আবেদন করার সুযোগ রয়েছে। পিএস ১১৭-এর যেসব শিক্ষার্থী মিডল স্কুলে আবেদন করার জন্য ষষ্ঠ গ্রেড পর্যন্ত অপেক্ষা করবে তারা কেবল সেইসব স্কুলে আবেদন করতে পারবে যাদের সপ্তম গ্রেডের আসন তখনও খালি রয়েছে।ফলে যেসব শিক্ষার্থী ষষ্ঠ গ্রেড পর্যন্ত পিএস ১১৭-তে থেকে যায় এবং তারপর চয়েস মিডল স্কুলে ভর্তি হতে চায় তাদের সামনে তাদের যেসব সহপাঠী একবছর আগে মিডল স্কুল শুরু করেছে তাদের তুলনায় খুব কম বিকল্পই খোলা থাকে।

পিএস ১১৭-এর যেসব শিক্ষার্থী জোনের বাইরের কোন স্কুলে ৭ম গ্রেডে ভর্তি হতে চায় তাদের জন্য খুব কম সংখ্যক আসনই থাকে। এ ধরনের আসন তখনই খালি হবে যদি কোন শিক্ষার্থী ছেড়ে চলে যায়।পিএস ১১৭ শিক্ষার্থীরা ৭ম গ্রেডের শিক্ষার্থী হিসেবে ডিস্ট্রিক্ট ২৮-এর জোনভুক্ত নয় এমন মিডল স্কুলগুলোতে[14] প্রবেশের ক্ষেত্রেও সমস্যার সম্মুখীন হবে। এই এই স্কুলগুলো একটি প্রাতিষ্ঠানিক পরীক্ষার মাধ্যমে শিক্ষার্থীদের ভর্তি করে এবং সাধারণত কেবল ষষ্ঠ গ্রেডেই শিক্ষার্থী ভর্তি করে থাকে। কোন শিক্ষার্থী স্কুল ছেড়ে চলে যাবার কারনে আসন খালি হলে চয়েস মিডল স্কুল ৭ম বা তার ওপরের গ্রেডে নতুন শিক্ষার্থী ভর্তি করে থাকে। তবে এ ধরনের ঘটনা খুব কমই ঘটে।

২০১০-২০১১ স্কুল বর্ষে পঞ্চম গ্রেডের প্রায় ৬ শতাংশ শিক্ষার্থী পঞ্চম গ্রেড শেষ করার পর পিএস ১১৭ ছেড়ে চলে গেছে।[15] এই প্রস্তাব যদি অনুমোদন লাভ করে তাহলে, আশা করা যায় পিএস ২০১১-২০১২ স্কুলবর্ষে ১১৭-এর আরো বেশি সংখ্যক পরিবার যাদের পঞ্চম গ্রেডের শিক্ষার্থী রয়েছে মিডল স্কুল বাছাই প্রক্রিয়ায় অংশগ্রহণ। যদি এ প্রস্তাব অনুমোদিত হয় এবং পঞ্চম গ্রেডের শিক্ষার্থীরা মিডল স্কুল বাছাই প্রক্রিয়ায় অংশগ্রহণ না করে তাহলে নিম্নে বর্ণিত "অভার দা কাউন্টার" প্রক্রিয়ার মাধ্যমে ডিস্ট্রিক্ট ২৮-এর যেকোন মিডল স্কুলে তাদের আসন পাবার নিশ্চয়তা বিধান করা হবে।এই আসন শিক্ষার্থীর জোনভুক্ত মিডল স্কুলে হতে পারে বা নাও পারে।

'অভার দা কাউন্টার' ("ওটিসি")ভর্তি শব্দটি দিয়ে শিক্ষার্থীকে ভর্তির সেই প্রক্রিয়াকে বোঝানো হয় যখন শিক্ষার্থী স্কুলে প্রবেশের গ্রেডের জন্য কোন ভর্তি প্রক্রিয়ায় অংশগ্রহণ না করার কারণে বা স্কুল শুরুর সময় কোন নিউ ইয়র্ক সিটি স্কুলে ভর্তি না হওয়ার কারণে তার জন্য একটি স্কুল নির্ধারণ করা আবশ্যক হয়। এইসব শিক্ষার্থীরা নিম্নলিখিত চারটি শ্রেণির যেকোন একটিতে পরে:

- নিউ ইয়র্ক স্কুল ব্যবস্থায় নতুন;
- নিউ ইয়র্ক স্কুল ব্যবস্থা ছেড়ে চলে গেছে এবং আবার প্রত্যাবর্তন করেছে;
- বদলি হতে চাচ্ছে (চ্যান্সেলরের প্রবিধান A-101-এ উল্লেখিত দিকনির্দেশনার ওপর ভিত্তি করে) বা
- অন্য কোন কারণে প্রাথমিক বা মাধ্যমিক স্কুল ভর্তি প্রক্রিয়ায় অংশগ্রহণ করেনি।

যখন মিডল স্কুলে ভর্তির যোগ্য কোন শিক্ষার্থীর ওটিসি ভর্তির প্রয়োজন হয় তখন তার স্কুল অ্যাসাইনমেন্ট তার আগ্রহ, তার বাড়ির ঠিকানা, আসন প্রাপ্যতা এবং প্রযোজ্য ক্ষেত্রে বদলির নির্দেশনার ওপর নির্ভর করে নির্ধারণ করা হয়। শিক্ষার্থীরা যে ডিস্ট্রিক্টে প্রাথমিক স্কুলে অধ্যয়ন করেছে বা তারা যে ডিস্ট্রিক্টের মিডল স্কুলের জোনের অন্তর্ভুক্ত তারা সেই মিডল স্কুলে অধ্যয়নের যোগ্য। জোনভুক্ত নয় এমন ডিস্ট্রিক্টে শিক্ষার্থীরা বরো এনরোলমেন্ট অফিসে যায় এবং সেখানে তারা একজন কাউন্সিলরের সাথে সাক্ষাত করে যিনি শিক্ষার্থীর চাহিদা পূরণ করে এমন বিকল্পগুলো পর্যালোচনা করে দেখেন। তবে, অনেক ডিস্ট্রিক্টেই ওটিসি শিক্ষার্থীরা কেবল তাদের জোনভুক্ত মিডল স্কুলে বছরের শুরুতে রিপোর্ট করে থাকে।

যদি এই প্রস্তাব অনুমোদিত হয়, তাহলে ২০১২-২০১৩ স্কুলবর্ষের শুরুতে পিএস ১১৭ শুধু কিন্ডারগার্টেন থেকে পঞ্চম গ্রেডের শিক্ষার্থীদের ভর্তি করবে এবং পূর্ণ দিবস প্রি-কিন্ডারগার্টেন কর্মসূচি প্রদান অব্যাহত রাখবে (তহবিল ও চাহিদার ওপর ভিত্তি করে)। বর্তমানে পিএস ১১৭ –এ পঞ্চম গ্রেডে অধ্যয়নরত সব শিক্ষার্থী মিডল স্কুলে ভর্তির আবেদন করবে এবং যারা উত্তীর্ণের শর্তাবলি পূরণ করবে তারা পিএস ১১৭ থেকে গ্র্যাজুয়েশন করে ২০১২-২০১৩ সালে ষষ্ঠ গ্রেডের শিক্ষার্থী হিসেবে মিডল স্কুলে ক্লাস শুরু করবে। এর অর্থ হল তারা মিডল স্কুলে আসনের জন্য প্রথম প্রবেশ পয়েন্টই আবেদন করতে যাচ্ছে। এর ফলে স্কুল পছন্দের জন্য পুরো ডিস্ট্রিক্টের পঞ্চম গ্রেডের শিক্ষার্থীরা যেসব বিকল্প লাভ করবে তারাও তার সমপর্যায়ের বিকল্প লাভ করবে।

পিএস ১১৭-এর ষষ্ঠ গ্রেডের সব শিক্ষার্থী এ বছর মিডল স্কুলে ভর্তির জন্য আবেদন করবে (যেমনটি তারা অতীতে করেছে) এবং যারা উত্তীর্ণের শর্তাবলি পূরণ করবে তারা পিএস ১১৭ থেকে গ্র্যাজুয়েশন করে যে মিডল স্কুলের সাথে তাদের মিলবে সে স্কুলে ২০১২-২০১৩ সালের সপ্তম গ্রেডের শিক্ষার্থী হিসেবে ভর্তি হবে। যদি পিএস ১১৭-এর কোন শিক্ষার্থী ২০১১-২০১২ স্কুল বর্ষের শেষে উত্তীর্ণের প্রমিতমান পূরণ করতে না পারে তাহলে সেই শিক্ষার্থী পিএস ১১৭-এ থেকে আবার পঞ্চম গ্রেডে অধ্যয়ন করবে। যদি পিএস ১১৭-এর ষষ্ঠ গ্রেডের কোন শিক্ষার্থী ২০১১-২০১২ স্কুল বর্ষের শেষে উত্তীর্ণের প্রমিতমান পূরণ করতে না পারে এবং তার ২০১২-২০১৩ স্কুল বর্ষে আবারও একই গ্রেডে থাকার প্রয়োজন হয় তাহলে মিডল স্কুল বাছাই প্রক্রিয়ার মাধ্যমে যে স্কুলে শিক্ষার্থী ভর্তি হতে পারবে ডিওই সেই মিডল স্কুলেই তাকে ষষ্ঠ গ্রেডে ভর্তি করাতে চেষ্টা করবে। যদি তা করা সম্ভব না হয় ডিওই তার জন্য ডিস্ট্রিক্ট ২৮-এ কোন বিকল্প ব্যবস্থা করার চেষ্টা করবে।

[14] "চয়েস স্কুল" হল সেই স্কুল যে স্কুল তার প্রকৃতির ওপর নির্ভর করে ডিস্ট্রিক্ট, বরো বা সিটির ভিত্তিতে নির্ধারিত কোন ক্যাচমেন্ট এরিয়ার শিক্ষার্থীদেরকে ভর্তি করে।

[15] ২০১০-১১ সালের হিসাব নিরীক্ষণকৃত রেজিস্টারের ওপর ভিত্তি করে প্রদান করা হয়েছে।

এই প্রস্তাবের মাধ্যমে বিশেষ করে পিএস ১১৭-এর পঞ্চম গ্রেডের বর্তমান ও ভবিষ্যত শিক্ষার্থীরা লাভবান হবে। এই প্রস্তাবে পিএস ১১৭-এর কিছু শিক্ষার্থী ষষ্ঠ গ্রেডে মিডল স্কুলে প্রবেশের সুযোগ ব্যবহার করে মিডল স্কুলে চলে যাওয়ায় ষষ্ঠ গ্রেডের আয়তন ছোট হয়ে যাবার কারণে যেসব শিক্ষার্থী পিএস ১১৭-এ ষষ্ঠ গ্রেডে থেকে যাবার সিদ্ধান্ত নিয়েছে তারা যেসব সমস্যার সম্মুখীন হতে পারে তা আলোচনা করা হয়েছে। একটি পূর্ণ আয়তনের মিডল স্কুলের ষষ্ঠ গ্রেডের শিক্ষার্থীদের (এবং অন্যান্য শিক্ষার্থী) পাঠক্রম বর্হিভূত কার্যক্রম ও সমৃদ্ধকরণের সুযোগ-সুবিধা প্রদানের জন্য যে সম্পদ রয়েছে প্রাথমিক স্কুলের সম্পদ তার তুলনায় কম। বিশেষত বিজ্ঞান ও ভাষার ক্ষেত্রে এবং পাঠক্রম বর্হিভূত কার্যক্রমের ক্ষেত্রে মিডল স্কুলের বিভিন্ন ধরনের ও সমৃদ্ধ শিক্ষানির্দেশনার ব্যবস্থা রয়েছে। এইসব কর্মসূচিগুলোকে সহায়তা করার ক্ষেত্রে প্রাথমিক স্কুলের তুলনায় মিডল স্কুলের পরিসর ও সুযোগ-সুবিধাগুলো আরো বেশি। মিডল স্কুলে সপ্তম গ্রেডে প্রবেশ না করে ষষ্ঠ গ্রেডে প্রবেশ করলে পিএস ১১৭-এর শিক্ষার্থীরা মিডল স্কুলে প্রদত্ত সমৃদ্ধ হাই স্কুল প্রস্তুতির অভিজ্ঞতা লাভের আরো ভালো সুযোগ পাবে।

পি.এস ১১৭-এর যেসব শিক্ষার্থী সপ্তম গ্রেড থেকে মিডল স্কুল শুরু করে তারা তাদের সহপাঠীদের তুলনায় একবছর পর মিডল স্কুলে প্রবেশ করায় ক্রান্তিকালীন চ্যালেঞ্জের সম্মুখীন হতে পারে। অধিকন্তু, তারা যদি ৬-১২ গ্রেডের স্কুলে না পড়ে, তাহলে যেসব শিক্ষার্থী সপ্তম গ্রেডে মিডল স্কুলে প্রবেশ করছে তারা হাই স্কুলে যাবার আগে মাত্র দুই বছর তাদের নতুন মিডল স্কুলে থাকবে। ফলে তারা আরেকটি ক্রান্তিকাল ও খাপখাইয়ে নেয়ার পরিস্থিতি মোকাবেলার আগে তাদের নতুন স্কুলের পরিবেশ ও প্রাতিষ্ঠানিক প্রত্যাশার সাথে খাপ-খাইয়ে নেয়ার জন্য খুব কম সময়ই পাবে। এত অল্প সময়ের ব্যবধানে একাধিক ক্রান্তিকালের কারণে শিক্ষার্থীদের স্কুলের অভিজ্ঞতা ব্যক্তিস্বাতন্ত্রমণ্ডিত নাও হতে পারে। অথচ কিশোর-কিশোরীদের প্রয়োজন অধিকতর ব্যক্তিস্বাতন্ত্রমণ্ডিত ও সহায়ক পরিবেশ। শিক্ষানির্দেশনার দৃষ্টিকোণ থেকেও শিক্ষার্থীদের বিভিন্ন গ্রেডে স্কুলে প্রবেশ করা শিক্ষক ও প্রশাসকদের জন্য একটি। পিএস ১১৭-এর ষষ্ঠ গ্রেডের ১৫৫ জন শিক্ষার্থীর সবাই ২০১১-২০১২ স্কুল বর্ষে মিডল স্কুল বাছাই প্রক্রিয়ায় অংশ নেবে।[16]

পিএস ১১৭-এর শিক্ষার্থী ও পুরো ডিস্ট্রিক্টে তাদের সতীর্থদের জন্য ডিস্ট্রিক্ট ২৮-এর যেসব মিডল স্কুল বাছাইয়ের সুযোগ রয়েছে সেগুলোর মধ্যে আছে:

ডিবিএন	স্কুলের নাম	ঠিকানা	গ্রেডের পরিধি ২০১১-১২	স্কেলে গ্রেডের পরিধি	ভর্তি প্রক্রিয়া
জোনভুক্ত বিকল্প (অনেক পি.এস. ১১৭ শিক্ষার্থীদের জন্য)					
২৮কিউ২১৭	রবার্ট এ. ভ্যান উইক (জে.এইচ.এস. ২১৭)	85-05 144 Street, Queens, NY 11435	০৬-০৮	০৬-০৮	জোনভুক্ত/ফেডারাল ম্যাগনেট
অন্যান্য জোনভুক্ত বিকল্প					
২৮কিউ০০৮	এম.এস. ৮	108-35 167 Street, Queens, NY 11433	০৬-০৮	০৬-০৮	জোনভুক্ত
২৮কিউ০৭২	ক্যাথরিন এন্ড কাউন্ট ব্যাসি (জে.এইচ.এস. ৭২)	133-25 Guy R Brewer Boulevard, Queens, NY 11434	০৬-০৮	০৬-০৮	জোনভুক্ত
২৮কিউ১৫৭	স্টেফেন এ. হালসে (জে.এইচ.এস.১৫৭)	63-55 102nd Street, Queens, NY 11374	০৬-০৮	০৬-০৯	জোনভুক্ত
২৮কিউ১৯০	রাসেল সেইজ (জে.এইচ.এস. ১৯০)	68-17 Austin Street, Queens, NY 11375	০৬-০৮	০৬-০৮	জোনভুক্ত
চয়েজ অপশন					
২৮কিউ১৬৭	মেট্রোপলিটান এক্সপেডিশনারি লার্নিং	91-30 METROPOLITAN AVENUE, Queens, NY 11375	০৬-০৮	০৬-১২	ডিস্ট্রিক্ট
২৮কিউ৩১০	কুইন্স কলিজিয়েট	167-01 GOTHIC DRIVE, Queens, NY 11432	০৬-০৭, ০৬-১২	০৬-১২	ডিস্ট্রিক্ট

[16] ২০১০-২০১১ সালের হিসাব নিরীক্ষণকৃত রেজিষ্টারের ওপর ভিত্তি করে প্রদান করা হয়েছে।

২৮কিউ৮৯৬	দ্য ইয়াং উইমেন'স লিডারশিপ স্কুল	109-20 Union Hall Street, Queens, NY 11433	০৬-১২	০৬-১২	বরো-ভিত্তিক
২৮কিউ২৮৪	ইয়র্ক আর্লি কলেজ একাডেমি	133-25 Guy R Brewer Boulevard, Queens, NY 11434	০৬-১১	০৬-১২	ডিস্ট্রিক্ট
২৮কিউ৬৮০	কুইন্স গেটওয়ে টু হেলথ সাইন্সেস সেকেন্ডারি স্কুল	160-20 Goethals Avenue, Queens, NY 11432	০৬-১২	০৬-১২	ডিস্ট্রিক্ট ২৮, ২৯

অতীতের মতই, ডিস্ট্রিক্ট ২৮-এর শিক্ষার্থীরা ডিস্ট্রিক্ট-ভিত্তিক, বরো-ভিত্তিক এবং সিটিভিত্তিক মিডল স্কুলে আবেদন করতে পারবে। স্কুলের মধ্যে বিতরণকৃত মিডল স্কুল নির্দেশনায় বা অনলাইনে নিম্নলিখিত ঠিকানায় এইসব স্কুলের তালিকা পাওয়া যাবে: http://schools.nyc.gov/ChoicesEnrollment/Middle/Publications/Queens/default.

যদি এই প্রস্তাব অনুমোদিত হয় তাহলে পিএস ১১৭ তার জোনের কিন্ডারগার্টেন থেকে পঞ্চম গ্রেড পর্যন্ত প্রাথমিক স্কুলের শিক্ষার্থীদের পাঠদান করা অব্যাহত রাখবে। কোন শিক্ষার্থীর জোনভুক্ত স্কুল তার বাড়ির ঠিকানা অনুসারে নির্ধারিত হয়। যেসব পরিবার পিএস ১১৭-এ কিন্ডারগার্টেনে তাদের সন্তানদের ভর্তি করাতে চায় তারা যোগ্যতা ও ডিওই-এর ভাইবোনদের ক্ষেত্রে অগ্রাধিকারের নীতি সম্পর্কে আরো বিস্তারিত জানতে নিম্নলিখিত ওয়েবসাইট দেখবেন: http://schools.nyc.gov/ChoicesEnrollment/Elementary.

প্রতিবন্ধী ও ইংরেজি ভাষা শিক্ষার্থী

পিএস ১১৭ প্রতিবন্ধী ও ইংরেজি ভাষা শিক্ষার্থীদের ("ইএলএল") চাহিদা পূরণ অব্যাহত রাখবে। বর্তমানে যেসব শিক্ষার্থীদের ব্যক্তিক শিক্ষা পরিকল্পনা ("আইইপি") রয়েছে বা যাদের ইএলএল সেবা প্রয়োজন তারা পিএস ১১৭-এ উপযুক্ত সেবা পেতে থাকবে।

পিএস ১১৭-এর যেসব শিক্ষার্থীর ব্যক্তিক শিক্ষা পরিকল্পনা রয়েছে তারা তাদের অপ্রতিবন্ধী সহপাঠীদের মত একইভাবে মিডল স্কুল ভর্তি প্রক্রিয়ায় অংশগ্রহণ করে। শিক্ষার্থীর আইইপি পর্যালোচনা করার জন্য মিডল স্কুলগুলোকে ডিওই সহায়তা করবে যাতে তারা প্রতিবন্ধী শিক্ষার্থীর চাহিদা পূরণের ওপর জোর দিতে। ব্যক্তিক বিশেষ শিক্ষা সেবা মডেল প্রদানের মাধ্যমে তারা তা করবে যাতে যতদূর সম্ভব সাধারণ শিক্ষার পাঠক্রমে শিক্ষার্থীদের প্রবেশাধিকার নিশ্চিত করা যায়। প্রত্যাশা করা হয় যে শিক্ষার্থী যে মিডল স্কুলে ভর্তি হবে সে স্কুল শিক্ষার্থীর চাহিদা পূরণের জন্য ব্যক্তিক বিশেষ শিক্ষা সেবা প্রদান করবে।

ডিওই নীতি অনুসারে ইংরেজি ভাষা শিক্ষার্থীরা তাদের যেসব সহপাঠী ইএলএল শিক্ষার্থী নয় তাদের মত একইভাবে মিডল স্কুল ভর্তি প্রক্রিয়ায় অংশগ্রহণ করবে। ঐতিহ্যগতভাবে মিডল স্কুলগুলো যে ধরনের ইএলএল কর্মসূচি শিক্ষার্থীদেরকে প্রদান করে আসছে সে সম্পর্কিত তথ্য নিম্নলিখিত ঠিকানায় ডিস্ট্রিক্ট ২৮-এর মিডল স্কুল নির্দেশিকায় পাওয়া যাবে (http://schools.nyc.gov/ChoicesEnrollment/Middle/Publications) ।

ইংরেজি ভাষা শিক্ষার্থীদের জন্য মিডল স্কুলে যেসব সেবা রয়েছে সেগুলো থেকে শিক্ষার্থীরা যখন এমন কর্মসূচি নির্বাচন করতে যায় যা তাদের বিশেষ চাহিদাকে পূরণ করবে তখন পিএস ১১৭-এর শিক্ষার্থীকে সহায়তাদানকারী কর্মী শিক্ষার্থী ভর্তি দপ্তর ("ওএসই") এবং ইংরেজি ভাষা শিক্ষার্থী বিষয়ক দপ্তরের সাথে আলোচনা করে সেবা নির্বাচনে শিক্ষার্থীদের সহায়তা করবে।

পি.এস.১১৭'র প্রি-কিন্ডারগার্টেন কর্মসূচি

পিএস ১১৭ বর্তমানে দুটি শাখায় প্রি-কিন্ডারগার্টেন কর্মসূচি প্রদান করছে। ডিওই মনে করে প্রস্তাবিত গ্রেড হ্রাস পিএস ১১৭-এর প্রি-কিন্ডারগার্টেন কর্মসূচির (তহবিল ও চাহিদার ওপর নির্ভর করে) ওপর প্রভাব ফেলবে না।

খ. স্কুল

পিএস ১১৭ কিউ১১৭ ভবনে অবস্থিত একমাত্র স্কুল। সুতরাং পিএস ১১৭ হল এই ভবনের একমাত্র প্রতিষ্ঠান যা এ প্রস্তাব দ্বারা প্রভাবিত হবে।

ষষ্ঠ গ্রেড ছেটে ফেলার মাধ্যমে এই প্রস্তাব কিউ ১১৭-এ ভবনে শিক্ষার্থী ভর্তির সংখ্যা প্রায় ১৬২ জন কমাবে।[17] যদি প্রস্তাবটি অনুমোদন লাভ করে তাহলে শহরভিত্তিক শিক্ষানির্দেশনার পদচিহ্ন (সিটিওয়াইড ইন্সট্রাকশনাল ফুটপ্রিন্ট ("দি ফুটপ্রিন্ট"))অনুসারে পিএস ১১৭-এর শিক্ষার্থীদের সেবা প্রদানের জন্য পর্যাপ্ত স্থান রয়ে যাবে। শিক্ষানির্দেশনার পদচিহ্ন দেখার জন্য নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশনের নিম্নলিখিত ওয়েবসাইটে যান, যেখানে সিটি স্কুলগুলোয় জায়গা বরাদ্দ ও ব্যবহার সম্পর্কিত নির্দেশনা আছে: http://schools.nyc.gov/NR/rdonlyres/8CF30F41-DE25-4C30-92DE-731949919FC3/87633/NYCDOE_Instructional_Footprint_Final9210TNT.pdf/.

গ. কম্যুনিটি

এই প্রস্তাব পিএস ১১৭ কম্যুনিটির নিম্নলিখিত চাহিদাগুলো পূরণ করে:

- পিএস ১১৭ থেকে ষষ্ঠ গ্রেড ছেটে ফেলার ফলে স্কুলটির গ্রেড বিস্তার ডিস্ট্রিক্ট ২৮-এর অধিকাংশ স্কুলের সাথে সামঞ্জস্যপূর্ণ হয়েছে।
- ডিস্ট্রিক্ট ২৮-এ ২৫টি স্কুল রয়েছে যারা প্রাথমিক স্কুলের শিক্ষার্থীদের পাঠদান করে থাকে। এদের মধ্যে ৭টি স্কুলে ষষ্ঠ গ্রেড পর্যন্ত আছে। এদের মধ্যে দুটি স্কুল পিএস ১৬০ ওয়াল্টার ফ্র্যান্সিস বিশপ (২৮কিউ১৬১,"পি.এস.১৬০") এবং পিএস ১৬১, "পিএস ১৬০") গ্রেড হ্রাস করেছে এবং তারা ২০১২-২০১৩ সাল থেকে আর ষষ্ঠ গ্রেডের শিক্ষার্থীদের সেবাদান করবে না। ২০১০ সালের নভেম্বর থেকে শিক্ষা নীতি বিষয়ক প্যানেল ("পিইপি") ডিস্ট্রিক্ট ২৮-এর নয়টি স্কুলের ষষ্ঠ গ্রেড ছেটে ফেলার প্রস্তাব অনুমোদন করে।অধিকন্তু পৃথক আরেকটি শিক্ষার প্রভাব সংক্রান্ত বিবৃতিতে ("ইআইএস") ডিস্ট্রিক্ট ২৮-এর একটি অতিরিক্ত স্কুল পিএস ১২১ (২৮কিউ ১২১, "পিএস ১২১") ছেটে ফেলার প্রস্তাবের বিষয়ে বলা হয়েছে। পিএস ১২১ ছেটে ফেলার বিষয়টিও ২০১২-২০১৩ স্কুলবর্ষের শুরু থেকে কার্যকর হবে। ডিওই বর্তমানে পিএস ১৭৪ কম্যুনিটিও ছোট করে ফেলার সম্ভাবনা নিয়ে আলোচনা করছে, তবে সে স্কুলের সংক্ষেপনের জন্য এখনো কোন প্রস্তাব তৈরি করা হয়নি।[18] ডিস্ট্রিক্ট ২৮-এর যেসব স্কুলে ষষ্ঠ গ্রেড রয়েছে সেগুলো ছেটে ফেলার নয়টি প্রস্তাবের সারসংক্ষেপ নিম্নে দেয়া হল:
    - পিএস ১৪৪ কর্নেল জেরোমাস রেমসেন স্কুল ছেটে ফেলার প্রস্তাব পিইপি'র অনুমোদন লাভ করে নভেম্বর ১৬, ২০১০ তারিখে।
    - পিএস ১৩৯ রেগো পার্ক, পিএস ১৬১ আর্থার অ্যাশ স্কুল, পিএস ৫০ টলফর্ড লন এলিমেন্টারি স্কুল, পিএস ৫৫ মুর এবং পিএস ১৪০ এডওয়ার্ড কে এলিংটন স্কুল ছেটে ফেলার প্রস্তাব পিইপি'র অনুমোদন লাভ করে ডিসেম্বর ১৪, ২০১০ তারিখে।
    - পি.এস. ৮৬ ছেটে ফেলার প্রস্তাব পিইপি'র অনুমোদন লাভ করে জানুয়ারি ১৯, ২০১১ তারিখে।
    - পি.এস. ৪০ স্যামুয়েল হান্টিংটন ছেটে ফেলার প্রস্তাব পিইপি'র অনুমোদন লাভ করে ফেব্রুয়ারি ১, ২০১১ তারিখে।
    - পি.এস. ১৬০ ওয়াল্টার ফ্র্যান্সিস বিশপ ছেটে ফেলার প্রস্তাব পিইপি'র অনুমোদন লাভ করে জুন ২৭, ২০১১ তারিখে।
- স্কুলে একক প্রবেশ গ্রেড সৃষ্টি করলে তা শক্তিশালী স্কুল কম্যুনিটি গঠন ও বৃদ্ধিতে সহায়তা করবে। ডিস্ট্রিক্ট ২৮-এর মিডল স্কুল বাছাই অনুমোদন ও প্রস্তাবিত গ্রেড ছাটাই এ দুয়ে মিলে ডিস্ট্রিক্ট ২৮-এর স্কুলগুলোকে তাদের শিক্ষার্থীদেরকে আরো ভালোভাবে সহায়তা করতে সক্ষম করবে।
- ডিস্ট্রিক্ট ২৮-এ ষষ্ঠ গ্রেডের আসনের লভ্যতা প্রদর্শন করতে নিচের তালিকাটিতে পরিকল্পিত ভর্তি[19] এবং আসনসংখ্যা[20] প্রদান করা হয়েছে। এতে ওপরে বর্ণিত তথ্যের ব্যাখ্যা প্রদান করা হয়েছে যাতে বলা হয়েছে যে ডিস্ট্রিক্টে ষষ্ঠ গ্রেডের পর্যাপ্ত সংখ্যক আসন থাকবে।
- যদি এই প্রস্তাব অনুমোদন লাভ করে তাহলে পিএস ১১৭-এ ষষ্ঠ গ্রেডে যেসব শিক্ষার্থী ভর্তি হত তাদেরকে আসন প্রদানের মত পর্যাপ্ত সক্ষমতা ডিস্ট্রিক্ট ২৮-এর মিডল স্কুলগুলোর থাকবে।
    - ডিস্ট্রিক্ট ২৮-এর প্রায় ২৫৭২ জন ষষ্ঠ গ্রেড শিক্ষার্থীর জন্য ২০১২-২০১৩ স্কুল বর্ষে আসনের প্রয়োজন হবে।[21]

[17] ২০১১-২০১২ বাজেট রেজিস্টার প্রোজেকশনের ওপর ভিত্তি করে প্রদান করা হয়েছে।

[18] যদি ডিওই পিএস ১৭৪-এর ষষ্ঠ গ্রেড ছেটে ফেলার কোন প্রস্তাব নিয়ে অগ্রসর হয় তবে তা পৃথক কোন শিক্ষার প্রভাব সংক্রান্ত বিবৃতিতে আলোচনা করা হবে।

[19] ২০১১-১২ সালে পঞ্চম গ্রেডে প্রাক্কলিত ভর্তির ওপর নির্ভর করে প্রদান করা হয়েছে।

[20] এর মধ্যে ডিস্ট্রিক্ট ৭৫ এবং কম্যুনিটি ভিত্তিক সংগঠনগুলো অন্তর্ভুক্ত রয়েছে। ষষ্ঠ গ্রেডের আসন সংখ্যা ওয়েটেড প্রাক্কলিত ষষ্ঠ গ্রেডের ভর্তি (%) ২০১০-১১ ব্লু বুক সংস্থার ধারণক্ষমতা দিয়ে গুণ দিয়ে বের করা হয়েছে। গ্রেড হ্রাসসহ ষষ্ঠ গ্রেডের আসন সংখ্যায় স্কুল বন্ধকে বাদ দেয়া হয়েছে। কে-৬ স্কুল, যেসব স্কুলের গ্রেড হ্রাস করা হবে বলে প্রস্তাব করা হয়েছে সেগুলো ছাড়া, ষষ্ঠ গ্রেডের আসন সংখ্যায় অন্তর্ভুক্ত করা হয়েছে।

[21] ২০১১-২০১২ বাজেট রেজিস্টার প্রোজেকশনের ওপর ভিত্তি করে প্রদান করা হয়েছে।

- পুরো ডিস্ট্রিক্টে বর্তমানে ষষ্ঠ গ্রেডের ৩,০৮১টি আসন রয়েছে। ফলে ২০১২-২০১৩ সালের জন্য ৫০৯টি অতিরিক্ত আসন রয়েছে।
- যদি এ প্রস্তাব এবং পিএস ১২১ গ্রেড ছেটে ফেলার প্রস্তাব অনুমোদিত হয় তাহলে তাহলে ষষ্ঠ গ্রেডের ৩৯১ আসন হ্রাস পাবে এবং এতে ধারণক্ষমতা কমে ২৬৯০-এ দাঁড়াবে।[22] এর অর্থ হল ডিস্ট্রিক্ট ২৮-এর মিডল স্কুলগুলো তারপরও ২০১২-২০১৩ সালে ষষ্ঠ গ্রেডের ২৫৭২ জন শিক্ষার্থী আসন দিতে পারবে। এর মধ্যে সেই ১৬২ জন শিক্ষার্থী রয়েছে যারা ১১৭ পিএস-এ ষষ্ঠ গ্রেডে ক্লাস করত এবং সেই শিক্ষার্থীরাও রয়েছে যারা পি এস-এ ১২১ ষষ্ঠ গ্রেডের শিক্ষার্থী হত।
- পিএস ১১৭ এবং পি.এস ১২১-তে গ্রেড ছেটে ফেলার পরও ২০১২-২০১৩ স্কুলবর্ষের জন্য ডিস্ট্রিক্ট ২৮-এর অতিরিক্ত ১১৮টি আসন থাকবে।[23,24]



এ প্রস্তাব কম্যুনিটি সদস্য ও প্রতিষ্ঠানগুলোর কিউ ১১৭-এ স্কুল ভবন ব্যবহারের অনুমতি লাভের সামর্থ্যকে প্রভাবিত করবে না বলে আশা করা হয়।

৪. ভর্তি এবং স্কুলের নৈপুণ্য বিষয়ক তথ্য

এই দ্বারা যে স্কুলটি প্রভাবিত হবে তা হল পিএস১১৭, যেটি কিউ১১৭ ভবনে অবস্থিত একমাত্র স্কুল। পিএস ১১৭ হল একমাত্র স্কুল যা এ প্রস্তাব দ্বারা সরাসরি প্রভাবিত।

ভর্তির তথ্য

বর্তমান ভর্তি	প্রি-কে: আদর্শ সার্বজনীন প্রি-ভর্তি
২২০১২-২০১৩ সালে গ্রেড পুনবিন্যাসের পর ভর্তি	প্রি-কে: আদর্শ সার্বজনীন প্রি-ভর্তি (তহবিল ও চাহিদার ভিত্তিতে) কে-৫: জোনভুক্ত

[22] পিএস ১৬০ এবং পিএস ১৬১-এর গ্রেড হ্রাস ২০১২-২০১৩ সাল থেকে কার্যকর হবে এবং এটি প্রাক্কলন/প্রজেকশন ও ধারণক্ষমতার উপাত্তের মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে।
[23] ২০১১-২০১২ বাজেট রেজিস্টার প্রোজেকশনের ওপর ভিত্তি করে প্রদান করা হয়েছে।
[24] ডিওই যদি পিএস ১৭৪-এর গ্রেড হ্রাসের প্রস্তাব নিয়ে অগ্রসর হত, তাহলে ডিওই ডিস্ট্রিক্টে ষষ্ঠ গ্রেডের ধারণক্ষমতা নিয়ে পুনরায় চিন্তা করত।

নিবন্ধন তথ্য

	২০১২-২০১৩ প্রাক্কলন (কাছাকাছি ৫-এর গুণিতকে সমান করা হয়েছে)								
	পিকে[25]	গ্রেড কেজি	গ্রেড ১	গ্রেড ২	গ্রেড ৩	গ্রেড ৪	গ্রেড ৫	গ্রেড ৬	মোট ভর্তি
২০১০-২০১১ (অডিট করা)	৩৬	১৮৭	১৯২	১৭৭	১৬৯	১৫৪	১৬৫	১৭৯	১২৫৯
২০১১-২০১২ (প্রাক্কলিত)	১৮	১৯০	১৯৩	১৯৫	১৮৭	১৬৪	১৬২	১৫৫	১২৬৪
২০১২-২০১৩ (প্রাক্কলিত)	১৮	১৮৫ - ১৯৫	১৮৫ - ১৯৫	১৮৫ - ২০০	১৯০ - ২০০	১৮০ - ১৯৫	১৫৫ - ১৭০	প্রযোজ্য নয়	১০৯৮ - ১১৭৩

শিক্ষার্থী সংখ্যা সংক্রান্ত তথ্য

আইসিটি বা এসসি সেবাপ্রাপ্ত শিক্ষার্থীর শতকরা হার[26]	৬%
ব্যক্তিক শিক্ষা পরিকল্পনা সম্পন্ন শিক্ষার্থীর শতকরা হার[27]	১০%
ইংরেজি ভাষা শিক্ষার্থীর শতকরা হার[28]	১২%
বিনামূল্যে বা হ্রাসকৃত মূল্যে মধ্যাহ্ন ভোজন প্রাপ্ত শিক্ষার্থীর শতকরা হার[29]	৮২%

স্কুল নৈপুণ্যের তথ্য

পি.এস. ১১৭ জে. কেন্ড/ব্রায়ারউড স্কুল	২২০০৮-২০০৯[30]	২০০৯-২০১০[31]	২০১০-২০১১[32]
স্কুল নৈপুণ্য ও অগ্রগতি			
সার্বিক অগ্রগতি প্রতিবেদন গ্রেড	A	B	C
অগ্রগতি প্রতিবেদন অগ্রগতি গ্রেড	A	B	D
অগ্রগতি প্রতিবেদন নৈপুণ্য গ্রেড	A	C	C

[25] পিকে বা প্রি-কিন্ডারগার্টেন কর্মসূচি অর্ধদিবস বা পূর্ণদিবস উভয় প্রকারেই প্রদান করা যেতে পারে। প্রদত্ত উপাত্ত পূর্ণ দিবস সমমানের জন্য।
[26] ২০১০ হিসাবনিরীক্ষণকৃত রেজিষ্টার অনুসারে মোট শিক্ষার্থীর মধ্যে শতকরা যতজন আইসিটি এবং এসসি সেবা লাভ করছে।
[27] ২০১০ হিসাবনিরীক্ষণকৃত রেজিষ্টার অনুসারে মোট শিক্ষার্থীর মধ্যে শতকরা যতজনের ব্যক্তিক শিক্ষা পরিকল্পনা রয়েছে।
[28] ২০১০ হিসাবনিরীক্ষণকৃত রেজিষ্টার অনুসারে মোট শিক্ষার্থীর মধ্যে শতকরা যতজন ইংরেজি ভাষা শিক্ষার্থী রয়েছে।
[29] জুলাই ৫, ২০১১ তারিখের স্কুল বরাদ্দ স্মারকলিপি নং ৮ অনুসারে বিনামূল্যে বা কমমূল্যে মধ্যাহ্নভোজ পাবার যোগ্য শিক্ষার্থীদের শতকরা হার।

[30] উ□স: ২০০৮-০৯ অগ্রগতি প্রতিবেদন।
[31] উ□স: ২০০৯-১০ অগ্রগতি প্রতিবেদন।
[32] উ□স: ২০১০-১১ অগ্রগতি প্রতিবেদন।

অগ্রগতি প্রতিবেদন পরিবেশ গ্রেড	B	B	C
কোয়ালিটি নিরীক্ষা স্কোর	প্রযোজ্য নয়	ডব্লিউডি	প্রযোজ্য নয়
নৈপুণ্য তথ্য			
ইংরেজি ভাষা শৈলী % দক্ষ (স্তর ৩ ও ৪)	৮৪%	৫৬%	৫৫%
গণিত % দক্ষ (স্তর ৩ ও ৪)	৯৫%	৬৬%	৬৫%
অন্যান্য প্রধান নৈপুণ্য সূচক			
উপস্থিতির হার	৯৪.৫%	৯৩.৯%	৯৩.৭%

২০১০-২০১১ স্টেট অবাবদিহিতা অবস্থা	ভাল অবস্থায়

৫. প্রাথমিক ব্যয় ও সঞ্চয়

পি.এস. ১১৭-এর গ্রেড হ্রাস থেকে কোন প্রাথমিক ব্যয় বা সঞ্চয় প্রত্যাশা করা হচ্ছে না।

৬. কর্মীর চাহিদা, শিক্ষানির্দেশনা, প্রশাসন, পরিবহন এবং অন্যান্য সহায়তা সেবার খরচের ওপর প্রভাব

ক. কর্মীর চাহিদা

ভর্তি হ্রাস পাওয়ায় এবং ষষ্ঠ গ্রেডের ক্লাসগুলো না থাকার কারণে পিএস ১১৭-এ কিছু কর্মী অতিরিক্ত হতে পারে। এ কর্মীদের সঠিক সংখ্যা অনুমান করা কঠিন।

আবশ্যক যেকোন ধরনের ছাটাই বিদ্যমান শ্রম চুক্তির সাথে সামঞ্জস্য রেখে করা হবে। যেমন, বর্তমান ইউসাইটেড ফেডারেশন অব টিচারস ("ইউএফটি") চুক্তির আওতায় প্রদত্ত প্রতিটি শিক্ষকতার লাইসেন্সের ক্ষেত্রে শিক্ষকদেরকে ছাটাই করতে হবে বয়ঃকনিষ্ঠ থেকে বয়ঃজেষ্ঠ্য অনুসারে। ১-৬ গ্রেডে পাঠদানকারী অধিকাংশ শিক্ষক তাদের শিক্ষার্থীদের বয়স নির্বিশেষে একটি "কমন ব্রাঞ্চ" লাইসেন্স ধারন করে।

সিস্টেম-ভিত্তিক ছাটাইয়ের বিপরীতে, অতিরিক্ত শিক্ষকেরা অন্য যেকোন সিটি পদে আবেদন করার যোগ্য হবেন এবং কোন শিক্ষক যদি কোন স্থায়ী পদ না পান, তাহলে তাকে অনুপস্থিত শিক্ষকদের স্থলে পাঠদানকারী শিক্ষকদের মধ্যে রাখা হবে। এর অর্থ হল তারা তাদের বেতন পেতে থাকবে এবং অন্যদিকে অন্যান্য সিটি স্কুলে বিকল্প শিক্ষক হিসেবে কাজ করতে পারবে। শিক্ষকের ছাটাই হবার এক বছরের মধ্যে স্কুলে যদি শিক্ষকের লাইসেন্স রয়েছে এমন বিষয়ে কোন পদ খালি হয় তাহলে প্রযোজ্য চুক্তির শর্তাবলি ও শিক্ষকদের জেষ্ঠ্যতার আইনের সাথে সামঞ্জস্য রেখে শিক্ষকের সেই স্কুলে ফিরে আসার অধিকার রয়েছে।

যখন কর্মীদের ওপর প্রস্তাবের প্রভাবের কথা বলা হবে তখন এটা মনে রাখা গুরুত্বপূর্ণ যে ষষ্ঠ গ্রেডের যেসব শিক্ষার্থীরা পিএস ১১৭-এ ভর্তি হত তারা এখন ডিস্ট্রিক্ট ২৮-এর মিডল স্কুলগুলোতে বা কে-৮ কর্মসূচিতে ভর্তি হবে এবং সেই স্কুলগুলোর শিক্ষার্থী সংখ্যা বৃদ্ধি পাওয়ায় তাদের নতুন শিক্ষক নিয়োগের প্রয়োজন হতে পারে।

খ. শিক্ষানির্দেশনার খরচ

অধিকাংশ ক্ষেত্রেই মাথাপিছু ভিত্তিতে স্কুল বাজেটে তহবিল বরাদ্দ করা হয়। গ্রেড ছাটাই সম্পন্ন হবার পর পিএস ১১৭ আর শিক্ষার্থী প্রতি তহবিল রাখবে না। প্রাথমিক স্কুলের শিক্ষার্থীদের জন্য স্কুলটি প্রায় ৪,০৮৫.৩০ ডলার কম বার্ষিক তহবিল পাবে বলে অনুমান করা হয়। বর্তমান মাথাপিছু 'ফেয়ার স্টুডেন্ট ফান্ডিং ("এফএসএফ") লাভের পর্যায়ের ভিত্তিতে এই হিসাব করা হয়েছে এবং এতে কমবেশি হতে পারে। এফএফএফ মাধ্যমে মৌলিক শিক্ষানির্দেশনার খরচ বহন করা হয়। স্কুল চাইলে কর্মী নিয়োগ, শিক্ষা উপকরণ ক্রয় বা শিক্ষানির্দেশনার কর্মসূচি বাস্তবায়নের জন্য এই তহবিল ব্যবহার করতে পারে।

গ্রেড কমার ফলে পিএস ১১৭-এ মোট শিক্ষার্থী ভর্তির সংখ্যা হ্রাস পাবে। ফলে স্কুলটির কমে যাওয়া শিক্ষার্থী জনগোষ্ঠীর চাহিদা পূরণের জন্য স্কুলটির আরো কম শিক্ষার্থী ও কম শিক্ষা উপকরণের প্রয়োজন হবে। যদি কোন কারণে স্কুলের সামগ্রিক ভর্তি সংখ্যা বৃদ্ধি পায়, তাহলে সে অনুসারে তখন বাজেটও বাড়ানো হবে। যেকোন ক্ষেত্রেই ভর্তির হারের সাথে সামঞ্জস্য রেখে তহবিল প্রদান করা হবে যাতে স্কুলটি শিক্ষার্থী জনগোষ্ঠীর শিক্ষানির্দেশনার চাহিদা পূরণ করতে পারে। সিটির সব স্কুলের জন্য এভাবে তহবিল বরাদ্দ করা হয়। বিভিন্ন বছর ভর্তি সংখ্যা বৃদ্ধি বা হ্রাস পাবার সাথে সাথে বাজেটও বাড়ানো বা কমানো হয়।

অধিকন্তু, যেসব শিক্ষার্থীদের অতিরিক্ত চাহিদা থাকার কারণে তাদেরকে শিক্ষাদান করতে বাড়তি ব্যয় হয় তাদের জন্য এফএসএফ মাথাপিছু বাড়তি তহবিল প্রদান করে। যেমন, ২০১১-২০১২ স্কুল বর্ষে মিডল স্কুলগুলো তাদের ভর্তি করা প্রত্যেক ইংরেজি ভাষা শিক্ষার্থীর জন্য মাথাপিছু অতিরিক্ত ১৬৩৩.৭১ ডলার পাবে। পিএস ১১৭ ভবিষ্যতে মোট যে পরিমাণ সম্পূরক তহবিল পাবে তার ওপর এ প্রস্তাবের প্রভাব অনুমান করা কঠিন। কেননা পরবর্তী প্রতি তিন বছর শিক্ষার্থীর অর্জনের স্তর ও চাহিদা কি হবে তা অনুমান করা সম্ভব নয়। তবে, সিটি ভিত্তিক অন্য আর সব স্কুলের মতই একই নিয়মে উচ্চচাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের জন্য অতিরিক্ত তহবিল প্রদান করা হবে যাতে সেইসব শিক্ষার্থীর চাহিদা পূরণের জন্য তহবিল থাকে।

সিটি ভিত্তিক অন্য আর সব স্কুলের সাথে পিএস ১১৭ শিক্ষার্থীদের বৈশিষ্ট্য ও চাহিদার ওপর নির্ভর করে অতিরিক্ত "শ্রেণিভিত্তিক" তহবিল পাবে। যেমন, স্কুলগুলো যে অনুপাতে নিম্ন আয়ের শিক্ষার্থী ভর্তি করে তাদেরকে সে অনুসারে টাইটেল ওয়ান তহবিল প্রদান করা হয়। পিএস ১১৭ বর্তমানে একটি টাইটেল ওয়ান স্কুল। ধারণা করা হয় স্কুলটি টাইটেল ওয়ান মানদণ্ড পূরণ করা অব্যাহত রাখবে এবং স্কুলের জনসংখ্যার পরিবর্তনের সাথে সামঞ্জস্য রেখে স্কুলটিকে টাইটেল ওয়ান তহবিল প্রদান করা হবে।

স্কুল প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য এফএসএফ-এর মাধ্যমে অতিরিক্ত সহায়তা লাভ করে। তবে এসব শিক্ষার্থীদের সহায়তার জন্য প্রদত্ত তহবিলের এটি একটি অংশ মাত্র। প্রতিবন্ধী শিক্ষার্থীদের তাদের ব্যক্তিক শিক্ষা পরিকল্পনা ("আইইপি")অনুসারে চাহিদা পূরণের জন্য স্কুলের বাজেটে অর্থ বরাদ্দ করা আছে। গ্রেড হ্রাস সম্পন্ন হবার পরও সব প্রতিবন্ধি শিক্ষার্থীর চাহিদা পূরণের জন্য তাদের আইইপি অনুসারে তাদেরকে গ্রেড প্রদান করা অব্যাহত থাকবে।

অনুগ্রহ করে মনে রাখবেন এ প্রস্তাবের কারনে হ্রাস বা বৃদ্ধি পাওয়া স্কুলের জন্য বরাদ্দকৃত মাথাপিছু তহবিল প্রকৃত/বর্ধিত সিস্টেম ব্যয়কে প্রতিনিধিত্ব করে না। ডিওই-এর সামগ্রিক পরিচালনা বাজেটের সাথে খাপখাওয়ানোর ওপর নির্ভর করে তা কমতে-বাড়তে পারে।

গ. প্রশাসন

গ্রেড হ্রাস পাওয়ার ফলে পিএস ১১৭-এ স্কুলের পরিচালনা বা প্রশাসনিক পদে কোন পরিবর্তন হবে না।

ঘ. পরিবহন

চ্যান্সেলরের প্রবিধান A-801 অনুসারে পরিবহন সুবিধা প্রদান করা হবে।
http://schools.nyc.gov/NR/rdonlyres/21A1B11A-886B-4F74-9546-E875EE82A14C/40303/A801.pdf
এই প্রস্তাবের কারণে পি.এস. ১১৭-এর বিদ্যমান পরিবর্তন সুবিধায় কোনো পরিবর্তন হবে না।

ঙ. অন্যান্য সহায়তা সেবা

সিটিভিত্তিক নীতির আলোকে অন্যান্য সহায়তা সেবা অব্যাহত থাকবে।

৭. ভবন সংক্রান্ত তথ্য

ভবন		কিউ ১১৭
ভবনের ধরন		প্রাথমিক
নির্মাণের বছর		১৯২৮
সামগ্রিক বিসিএস রেটিং		২.৩৯
২০১০-২০১১ উদ্দিষ্ট ভবন ব্যবহার		১৩০%
২০১০-২০১১ উদ্দিষ্ট ভবন ধারণক্ষমতা		৯৬৫
অর্থ-বর্ষ ২০১১ রক্ষণাবেক্ষণ ব্যয়	**শ্রম**	$৩২,৫০৬
	উপকরণ	$১২,২৯৫
	রক্ষণাবেক্ষণ ও মেরামত চুক্তি	$২৮,৩৬৫
	সার্ভিস চুক্তি	$৪,৪১০
	কাস্টোডিয়াল অপারেশন ব্যয়-উপকরণ	$৬,৫০৩
	কাস্টোডিয়াল অপারেশন ব্যয়-কাস্টোডিয়াল বরাদ্দ	$২৫৪,৩১৩
অর্থ-বর্ষ ২০১১ জ্বালানি ব্যয়	**ইলেক্ট্রিক**	$১১,৫৪২
	গ্যাস	$১৮,৩৩১
	তেল	$৪০,৫৪৯
বর্তমান বা গত স্কুল বছরে সম্পন্ন প্রকল্প		পিবিএক্স (টেলিফোন সিস্টেম) ইনস্টলেশন, শিক্ষার্থীদের টয়লেট, ক্লাসরুম সংযোগ
মূলধন পরিকল্পনায় প্রস্তাবিত প্রকল্প		ড্রেইন/বর্জ্য/ভেন্টিলেশন এবং স্টর্ম সিস্টেম সাম্প পাম্প, অভ্যন্তরীণ ফাউন্ডেশেন ওয়াল, বাইরের দেয়াল, লুভা
ভবনের প্রবেশযোগ্যতা		পূর্ণভাবে কার্যকর প্রোগ্রাম ভিত্তিক প্রবেশযোগ্য
ভবনের বিভিন্ন স্থান		অডিটোরিয়াম, ক্যাফেটেরিয়া, কম্পিউটার রুম, জিমনেসিয়াম, ও গ্রন্থাগার